

প্রেম - ক্রিয়া পরকীয়া

ভজন সরকার

(১)

তোমাকেই নিয়ে যেতে পারি দূর
রোদ্দুর -রোদ ,তুষার প্রবল
একাকি রাতে ঠায় বসে থেকে।

একটা বিনুক খোঁজা যায় শুধু
তোমাকে নিয়েই, যদিও তাবৎ
কষ্টগুলো - আপাতঃ বাইরে রেখে।

(২)

লেকের পাড়ে গাড়ির ভেতর
সানাইয়ে ধূন বিসমিল্লাহর,
আমরা তখন ঠোঁটের পরে ঠোঁট রেখেছি।

পাহাড় ঘেরা লেকের মতো
তোমার ঘন খয়েরী চুলের
অরন্যে আজ আটকে গেছি।

(৩)

হয়তো তোমার সব বুঝি না
চটাং ফটাং ইংরেজি বোল
রাস্তা ঘাটে জড়িয়ে ধরা যখন তখন।

একটা কথা ঠিকই জানি
ভালবাসার অরন্যে আজ
মহুয়া মাতাল আমরা দু'জন।

(৪)

কি সব করো পাগলি মেয়ে,
তোমার জানি প্রথম প্রণয়
বাঁধ-ভাঙা জোয়ারে তাই ভয়ঙ্করী।

আমি যে এক কৃষ্ণ প্রেমিক
সব সখিরে পার করিতেই
সব যমুনায় নামাই তরী।

(৫)

সখেদে বলেছিলে,“ স্বখাদে
নেমে দেখো,ডুবে যাবে
অতলে অতলাস্ত।”

ভয় নেই আমিও পারি
পাড়ি দিতে মহাদেশ
সাগর তেপান্ত।

(৬)

সারা রাত প্রমোদে ভরিয়া
দিনু মন - সারা দিন কাটে
শুধুই জাবর কেটে।

জ্বলন্ত এক বিস্ফোরণে
কঠিন বরফ খুঁজি
মেঘ বৃষ্টি ঘেটে।

(৭)

তোমার সাথে যেতে পারি
মেঘের ওপার, আকাশ নীলে,
আড়ালে আবড়ালে ।

তোমার সাথে ভিজতে পারি
তুমুল তুফান ঝড়ে, শুধুই যদি
তোমার বুকের আড়ালটুকু মেলে ।

(৮)

নিজকে নিজে যতই বোঝাই
একটুখানি সংযত হও, সংহত হও
নিজেই পুড়ি নিজের সর্বনাশে ।

প্রবল বেগে জোয়ার নামে
বুকের গহীন খাদে, ঠিক যখনি
তোমার ছায়া আমার চোখে ভাসে ।

(৯)

পা চাটতে পারবো না ,
গালটা তোমার ভরিয়ে দেবো
কঠিন চুমোয় ।

বাইরে যখন তুম্বার ঝড়
তাপমাত্রা শূন্য থেকেও অনেক নীচে,
উষ্ণতাতে ভরিয়ে দেবো - নগ্ন তোমায় ।

(১০)

ঠিক তুমি যেনো তোমারই মত
অন্যেও ছিলো অন্য সবার মতই,
অনন্যা সব অন্যদের এই ভীড় ।

এক চিলতে - এক ফালি এই বুক
হাহাকার নেই , আছে এক নদী
অপূর্ণ-অস্থির ।

(১১)

ইচ্ছে হলেই খেলে যাও,
আমিও স্বাধীন - নেড়ে চেড়ে নেই
বৃষ্টির জলে করে নেই স্নান ।

বাগানের ফুল বাসি হলে
টবের গোলাপ কুড়াবো না,
কৃষ্ণ সিঁথিতে ঐকে দেবো টান ।

-----o-----

। এপ্রিল , ২০০৭ ।

ভজন সরকার : কানাডা প্রবাসী কবি ও
লেখক । পেশায় প্রকৌশলী ও স্থানীয়
সরকারী সংস্থায় উচ্চপদে কর্মরত ।
sarkerbk@yahoo.com